



ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website:www.bb.org.bd

ডিএমডি সার্কুলার নং-০৩

তারিখ : ৩০ জুন, ২০১৪

১৬ আষাঢ়, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের জন্য সৃষ্ট পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা
অনুরূপ উদ্দেশ্যে গঠিত তহবিলের সৃষ্টি ব্যবস্থাপনা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৮ ধারায় উল্লিখিত প্রথম তফসিলের আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনা খ) সাধারণ নির্দেশনাঃ ১৭, কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা 399 এর (2) এবং The Trusts Act, 1882 (II of 1882) এর Section 20 এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংক-কোম্পানীগুলো কর্মকর্তা-কর্মচারীদের জন্য পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে তহবিল গঠন, অর্থায়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতি অনুসরণ করছে। অনেক ক্ষেত্রে এরূপ তহবিলকে ব্যাংক হতে পৃথক সত্ত্বায় পরিণত করা হয়নি যা ব্যাংক-কোম্পানী আইনের আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনা খ) সাধারণ নির্দেশনাঃ ১৭ এ বর্ণিত নির্দেশনার লংঘন। ফলে, একদিকে যেমন সংশ্লিষ্ট সুবিধাভোগীদের স্বার্থ ঝুঁকিপূর্ণ হচ্ছে, অন্যদিকে হিসাবরীতি অনুসারে পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে গঠিত তহবিলের স্বচ্ছতাও নিশ্চিত না হওয়ার সম্ভাবনা থেকে যাচ্ছে। তাছাড়া, উক্ত তহবিলের ক্ষেত্রে কোম্পানী আইন ও ট্রাস্ট আইনে বর্ণিত ধারাও যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না। এতদপ্রেক্ষিতে, উক্ত ধারার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করণার্থে এবং ব্যাংক-নীতির সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) প্রচলিত ধারার যেসব ব্যাংক ইতোমধ্যেই তাদের কর্মকর্তা-কর্মচারীদের জন্য পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে তহবিল গঠনপূর্বক আয়কর বিভাগ হতে স্বীকৃতি গ্রহণ করেছে, সেসব ব্যাংককে জুন ৩০, ২০১৫ তারিখের মধ্যে কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা 399 এর (2) এবং The Trusts Act, 1882 এর Section 20 এর clauses (a) হতে (e) এ উল্লিখিত সিকিউরিটিজের বিপরীতে বিনিয়োগ নিশ্চিত করতে হবে।
- ২) প্রচলিত ধারার যেসব ব্যাংক তাদের কর্মকর্তা-কর্মচারীদের জন্য এখনও কোন পৃথক পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে কোন তহবিল (ফান্ডেড) সৃষ্টি করেনি বা তহবিল সৃষ্টি করলেও আয়কর বিভাগ হতে স্বীকৃতি গ্রহণ করেনি, সেসব ব্যাংককে ডিসেম্বর ৩০, ২০১৫ তারিখের মধ্যে তহবিল সৃষ্টি এবং সৃষ্টি তহবিলটির বিষয়ে আয়কর বিভাগ হতে স্বীকৃতি গ্রহণসহ কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা 399 এর (2) অনুযায়ী উক্ত তহবিলের অর্থ The Trusts Act, 1882 এর Section 20 এর clauses (a) হতে (e) এ উল্লিখিত সিকিউরিটিজের বিপরীতে বিনিয়োগ নিশ্চিত করতে হবে।
- ৩) ইসলামী শরীয়াহ্ মোতাবেক পরিচালিত ব্যাংক কোম্পানীগুলোকেও উপরে বর্ণিত সময়ের (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য পৃথক পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে তহবিল (ফান্ডেড) সৃষ্টি এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শরীয়াহ্ সম্মত ও বাজার ঝুঁকিমুক্ত খাতে বিনিয়োগ বা জমা রাখার মাধ্যমে তহবিলের সৃষ্টি ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
- ৪) ব্যাংক-কোম্পানীগুলো বর্ণিত পেনশন/প্রভিডেন্ট ফান্ড বা অনুরূপ উদ্দেশ্যে গঠিত তহবিল সংক্রান্ত ষাণ্মাসিক বিবরণী সংশ্লিষ্ট ষাণ্মাসিক অন্তে পরবর্তী ১৫ দিনের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।
- ৫) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)
মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: bishnu.saha@bb.org.bd